



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়


শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com


তারিখ-২০/১১/২০২২খ্রিঃ।

“প্রেস বিজ্ঞপ্তি”

চুয়াডাঙ্গা পৌরসভার পাইপ লাইন মেকানিক্স জনাব আবু বক্কর গতকাল ১৯/১১/২০২২ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় তার সুমিরদিয়াস্থ নিজ বাসভবনে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে আকস্মিক ভাবে ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)। তাঁর মৃত্যুতে পৌর পরিষদ ও সকল কর্মকর্তা/কর্মচারী এবং বাংলাদেশ পৌরসভা সার্ভিস এসোসিয়েশন চুয়াডাঙ্গা শাখার পক্ষ হতে গভীর শোক প্রকাশ ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি এবং মহান আল্লাহর নিকট তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

অদ্য ২০/১১/২০২২ইং তারিখ রোজ রবিবার বাদ যোহর চুয়াডাঙ্গা পৌরসভার পক্ষে পৌরসভা জামে মসজিদে দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-পৌরসভার সম্মানিত মেয়র জনাব জাহাঙ্গীর আলম মালিক খোকন, পৌরসভার সকল কাউন্সিলর, সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ ও মসজিদের সাধারণ মুসল্লীগণ। দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন পৌরসভা জামে মসজিদের পেশ ইমাম জনাব মাওলানা মোঃ হুসাইন। এবং আত্মার প্রতি শঙ্কার্থে দুপুর ২.০০ টায় অফিস ছুটি ঘোষণা করা হয়।


(এ, এইচ, এম সাহীদুর রশিদ)
সভাপতি
বাংলাদেশ পৌরসভা সার্ভিস এসোসিয়েশন
চুয়াডাঙ্গা শাখা।


(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন, সময়মত আপনার শিশুকে টিকা দিন।